কোটচাঁদপুরে দুই শ্রমিকের মৃ*ত্যু

পৃথক দুইটি ঘটনায় কোটচাঁদপুরে দুই জনের মৃত্যু হয়েছে। যার মধ্যে আতিয়ার রহমান(৪৫) মারা গেছেন গাছ চাপা পড়ে। আর মজনুর রহমান(৫৫) মারা গেছেন সিমেন্টের বস্ত্রা চাপা পড়ে। আজ শুক্রবার এ ঘটনা ঘটেছে।

জানা যায়, কোটচাঁদপুরের রথখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি ঠিকাদারি প্রতিষ্ঠানে টেন্ডারের গাছ কাটা কাজ করছিলেন,আতিয়ার রহমান সহ কয়েক জন শ্রমিক। তারা কয়েকদিন ধরে ওই বিদ্যালয়ের গাছ কাটার কাজ করছিলেন। আজ শুক্রবার তারা একটি মেহগনি গাছ কাটার সময় ঘটে এ ঘটনা।

বিষয়টি নিয়ে সহকর্মী রতন মন্ডল বলেন,কয়েকদিন যাবৎ এক ঠিকাদারের টেন্ডারে পাওয়া গাছ কাট ছিলাম, মেহগনি গাছটি কাটার শেষের দিকে কিছু বুঝে উঠার আগেই ভেঙ্গে তাঁর কোমরের উপর পড়ে। এ সময় উদ্ধার করে তাঁকে কোটচাঁদপুর হাসপাতালে নেয়া হয়।

চিকিৎসক তাকে দেখে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করেন। পরে তাকে স্বজনরা যশোর নিয়ে যাচ্ছিলেন। পথিমধ্যেই মারা যায় আতিয়ার রহমান। সে কোটচাঁদপুরের রামচন্দ্রপুর গ্রামের মৃত আব্দুল খালেক মন্ডলের ছেলে। পারিবারিক জীবনে তিনি ৫ ছেলে মেয়ের জনক।

অন্যদিকে কোটচাঁদপুরের সাবদারপুরের কবর স্থান পাড়ার মজনুর রহমান মারা গেছেন সিমেন্টের বস্ত্রা চাপা পড়ে। তিনি ওই গ্রামের মৃত ইনসুর আলী বিশ্বাসের ছেলে।

বিষয়টি নিয়ে তাঁর সহকর্মী বলুহর গ্রামের আশাদুল ইসলাম বলেন,বহিরগাছি গ্রামের পুটকে মন্ডলেন বাড়িতে নির্মানধীন ভবনের কাজ করছিলেন। এ সময় মজনুর রহমান একটি সিমেন্টের বস্ত্রা মাথায় করে ছাদে উঠছিলেন। হঠাৎ করে সে পা সিলিপ করে নিচে পড়ে যান। এ সময় স্থানীয়দের সহায়তায় তাঁকে কোটচাঁদপুর হাসপাতালে নেয়া হয়। হাসপাতালের চিকিৎসক তাঁকে দেখে মৃত ঘোষণা করেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আশরাফুল

ইসলাম বলেন,দূর্ঘটনায় আহত হয়ে দুই জন কোটচাঁদপুর হাসপাতালে আসেন। এদের মধ্যে মজনুর রহমানকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। আর আতিয়ার রহমানকে আহত অবস্থায় পেয়েছিলাম। তাঁকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়।
এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শারমিন আক্তার বলেন, দুইটি ঘটনায় মৌখিক ভাবে জেনেছি। এখনও পর্যন্ত কোন পক্ষের কেউ কোন জিডি বা অভিযোগ করেনি।

ঝিনাইদহ পাট ক্ষেত থেকে বৃদ্ধের অর্ধগলিত মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জে পাট ক্ষেত থেকে তারাপদ বিশ্বাস (৮৭) নামের এক বৃদ্ধের অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

আজ শুক্রবার সকালে উপজেলার জামাল ইউনিয়নের বাসুদেবপুর গ্রামের মাঠ থেকে তার এ মরদেহ উদ্ধার করা হয়।

মরদেহ চিহ্নত করে পুলিশ বলেছে এই লাশ মাগুরা জেলার শালিখা উপজেলার শ্রীফল তলা গ্রামের কার্তিক বিশ্বাসের ছেলে তারাপদ বিশ্বাসের।

স্থানীয়রা জানায়, ওই মাঠের একটি পাটক্ষেতে অর্ধগলিত মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেয় স্থানীয়রা। পরে পুলিশ এসে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়।

নাড়িকেলবাড়িয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মেহেদি হাসান বলেন, মরদেহটি কালীগঞ্জ উপজেলার বাসুদেবপু মৌজার মধ্যে পাওয়া গেছে। ওই বৃদ্ধ গত শুক্রবার তার বাড়ি থেকে বের হয়েছিলো শিকারপুর গ্রামে নামযজ্ঞ শোনার জন্য। বাসুদেবপুর গ্রামের তার এক আত্মীয় রয়েছে। ধারনা করা হয়েছে, নামযজ্ঞ শেষে মাঠের মধ্য দিয়ে তার আত্মীয় বাড়িতে যাওয়ার পথে মৃত্যু হয়েছে।

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বাজেট ঘোষণা করেন।

উন্মুক্ত বাজেট ঘোষণা করেণ ইউপি সচিব মোঃ আমিনুর রহমান।

এসময় ১৫ নং কালীচরণপুর ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মোদাচ্ছের হোসেন, ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শামসুল আলম, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন, সংরক্ষিত ইউপি সদস্য রেশমা খাতুন, ইউপি সদস্য শরিফ উদ্দীন, শামছুল ইসলাম, আব্দুল মজিদ, সাইফুল ইসলাম সহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের শৈলকুপায় লাঠির আঘাতে কিশোরের মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপায় নদীতে মাছ ধরাকে কেন্দ্র করে যুবকের বাশের লাঠির আঘাতে কিশোরের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার(২৮মে) দুপুরে উপজেলার মনোহরপুর ইউনিয়নের কুমার নদে এ ঘটনা ঘটে। নিহত আসিফ (১১) ওই গ্রামের মহিদুল ইসলামের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, দুপুরে ওই গ্রামের কিশোর আসিফ হোসেন কুমার নদে বরশি দিয়ে মাছ ধরছিল । সেসময় একই গ্রামের আমজাদ হোসেনের ছেলে সনি পানি ঘোলা করলে দুজনের মধ্যে বাকবিতন্ডা হয়। একপর্যায়ে সনি বাশ দিয়ে আসিফকে আঘাত করে। বাশের মাথার সুচালো অংশ আসিফের ঘাড়ে ঢুকে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। এ ঘটনার পর থেকে পলাতক রয়েছে সনি।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শফিকুল ইসলাম চৌধুরী বলেন, নিহতের ঘটনায় হত্যা মামলার প্রস্তুতি চলছে। আসামিকে গ্রেপ্তার করতে পুলিশ অভিযান চালাচ্ছে।

ঝিনাইদহে এইচআইভি প্রতিরোধ জেলা পর্যায়ে মতবিনিময় ও পরামর্শ সভা

ঝিনাইদহে সুইয়ের মাধ্যমে মাদক গ্রহণকারী এবং তাদের যৌনসঙ্গীদের জন্য সমন্বিত এইচআইভি প্রতিরোধ ও চিকিৎসা কার্যক্রম বিষয়ে জেলা পর্যায়ে মতবিনিময় ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ঝিনাইদহ সদর হাসপাতালের সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করে মুক্ত আকাশ বাংলাদেশ নামের একটি উন্নয়ন সংস্থা।

সভায় সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: সৈয়দ রেজাউল ইসলাম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা: গুলশান আরা, শিশু রোগ বিশেষজ্ঞ ডা আনোরুল ইসলাম।

অনুষ্ঠানে মুল প্রবন্ধ উপস্থাপনা করেন মুক্ত আকাশ বাংলাদেশের এম এন্ড অফিসার সেলিমুজ্জামান। পরিচালনা করেন মুক্ত আকাশ বাংলাদেশের ঝিনাইদহের ম্যানেজার সুকেশ চন্দ্র মন্ডল। সভায় মাদকদ্রব্যের কুফল তুলে ধরে এইচআইভি এইডস রোধে সকলকে সচেতন করার আহ্বান জানান। সেই সাথে এইচআইভিতে আক্রান্ত রোগীদের মানবিক অধিকারে কাজ করার পরামর্শ দেন।

ঝিনাইদহে নিরাপদ মাতৃত্ব দিবস পালিত

‘হাসপাতালে সন্তান প্রসব করান, মা ও নবজাতকের জীবন বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে নিরাপদ মাতৃত্ব দিবস পালিত

হয়েছে।

ঝিনাইদহ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের পক্ষ থেকে এ উপলক্ষে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

এতে সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: সৈয়দ রেজাউল ইসলাম, গাইনী বিভাগের সিনিয়র কনসালটেন্ট ডা: মোঃ আলাউদ্দিন, জুনিয়র কনসালটেন্ট ডা: আব্দুল্লাহেল কাফী, ডা: মার্ফিয়া খাতুন, আবাসিক মেডিকেল অফিসার ডা: গুলশান আরা লিমাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মা ও শিশু মৃত্যু প্রতিরোধে হাসপাতালে সন্তান প্রসাবের জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশে নিরাপদ মাতৃত্বের জন্য সুসংগঠিত ও সমন্বিতভাবে কাজ করতে হবে। পাশাপাশি দেশের ৪৯২টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মাতৃসেবা চালু করতে পারলে বেশির ভাগ মাকেই নিরাপত্তা জালের মধ্যে আনা সম্ভব।

ঝিনাইদহে ধর্ষণ মামলায় ইউপি চেয়ারম্যানের যাবজ্জীবন

ধর্ষণ মামলায় ঝিনাইদহ সদর উপজেলার হরিশংকরপুর ইউপি চেয়ারম্যান খন্দকার ফারুকুজ্জামান ফরিদকে যাবজ্জীবন কারাদণ্ড ও ৫ লাখ টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডের রায় দিয়েছে ঝিনাইদহের আদালত।

আজ মঙ্গলবার (২৮ মে) দুপুরে ঝিনাইদহ জেলা ও দায়রা জজ আদালতের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচার মোঃ মিজানুর রহমান এই রায় দেন। মামলায় আরেক আসামি নজরুল ইসলামের দোষ প্রমাণিত না হওয়ায় খালাস প্রদান করা হয়েছে।

খন্দকার ফারুকুজ্জামান ফরিদ সদর উপজেলার নরহরিদ্রা গ্রামের খন্দকার আমিরুজ্জামানের ছেলে।

মামলার সংক্ষিপ্ত বিবরণে জানাগেছে, ২০২২ সালের ১৫ এপ্রিল বিচারের

জন্য ভুক্তভোগী নারী চেয়ারম্যান ফরিদের কাছে গেলে তার গ্রামের বাড়িতে নিয়ে নেশা জাতীয় দ্রব্য সেবন করিয়ে ধর্ষণ করেন। পরে ওই নারী ১৯ এপ্রিল ঝিনাইদহ সদর থানায় বাদী হয়ে চেয়ারম্যান ও তার গাড়ি চালকের বিরুদ্ধে ধর্ষণ মামলা দায়ের করেন। মামলা দায়েরের পর উচ্চ আদালত থেকে আগাম জামিন নেন চেয়ারম্যান ফরিদ। পরবর্তীতে ডিএনএ টেস্টে ফরিদের সম্পৃক্তা ধরা পড়ে। দীর্ঘ বিচারক প্রক্রিয়া শেষে আজ মঙ্গলবার ঝিনাইদহের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ইউপি চেয়ারম্যান খন্দকার ফারুকুজ্জামান ফরিদকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাদণ্ড ও ৫ লাখ টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডের রায় ঘোষণা করেন।

রাষ্ট্রপক্ষের কৌশুলী অ্যাড: বজলুর রহমান জানান, বিজ্ঞ আদালত দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে সাক্ষ্য প্রমাণ যাচাই-বাছাই করে ইউপি চেয়ারম্যান খন্দকার ফারুকুজ্জামান ফরিদকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাদণ্ড ও ৫ লাখ টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডে দণ্ডিত করেছেন।

এই মামলায় আসামি পক্ষের আইনজীবী ছিলেন অ্যাড: নেকবার।

ভুক্তভোগী নারী গণমাধ্যমকর্মীদের জানান, বিচার চাইতে গিয়ে ফরিদ চেয়ারম্যানের লালসার শিকার হন তিনি। সমস্যা সমাধানের আশ্বাস দিয়ে চেয়ারম্যান নরহরিদ্রা গ্রামে তার নিজ বাড়িতে ডেকে নেন। গ্রামের বাড়িতে পৌঁছালে তাকে দুইতলার একটি কক্ষে নিয়ে যান এবং নেশা জাতীয় কিছু সেবন করিয়ে ফরিদ ধর্ষণ করেন।

ঝিনাইদহে তাপমাত্রা নিয়ন্ত্রণহীন গুদামের ওষুধ যাচ্ছে অপারেশন থিয়েটারে

ঝিনাইদহে সম্প্রতি অপারেশনের পরে রোগী মৃত্যুর ঘটনা উদ্বেগ সৃষ্টি করেছে। মৃত্যুর কারণ উদঘাটন করতে গিয়ে অনেকগুলো বিষয় সামনে এসেছে।